



ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়

প্রতিষ্ঠাতা : প্রাক্তন সেনান জজ রায় বাহাদুর রজনীকান্ত চট্টোপাধ্যায়
(স্থাপিত-১৯১৯)

ডাসার-কালকিনি-মাদারীপুর
www.bmhs.edu.bd

সংশোধিত বিজ্ঞপ্তি

গত ২৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: ঢাকাস্থ বিয়াম ভবনে প্রাক্তন শিক্ষার্থী ম্যানেজিং কমিটির সম্মানিত সদস্যবৃন্দ এবং সুভানুধ্যায়ীদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় ঐতিহাসিক বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশনা অত্যন্ত কঠিন, ব্যয়বহুল ও কষ্টসাধ্য বিষয়। সার্বিক সহযোগিতা না পেলে শুধুমাত্র প্রকাশনা কমিটির পক্ষে এমন দুরূহ কাজ সম্পাদন অত্যন্ত কঠিন।

তাই একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত “ছক” মোতাবেক প্রয়োজনীয় তথ্য/ছবি নিম্নোক্ত গাইডলাইন মোতাবেক মানসম্মত লেখনী, বিজ্ঞাপন, বানী ইত্যাদি দিয়ে সহায়তার জন্য বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী সংশ্লিষ্ট সুভানুধ্যায়ীসহ সকলকে পুনরায় বিনীত অনুরোধ করা যাচ্ছে।

মানসম্মত লেখনী ও তথ্য/উপাত্ত দেয়া সংক্রান্ত গাইডলাইন:-

- ১। সাবেক শিক্ষার্থীগণ নির্ধারিত “ছক”-এ কম্পিউটার মুদ্রণ করে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত এবং পাসপোর্ট সাইজের রঞ্জীন ছবি সরবরাহ করতে হবে।
- ২। “ছক” টি বিদ্যালয়ের ওয়েবসাইট www.bmhs.edu.bd হতে ডাউনলোড করা যাবে। নিজের নাম, ঠিকানাসহ যাবতীয় তথ্যাদি কম্পিউটার মুদ্রণ করিয়ে স্বাক্ষরসহ স্ক্যান করে এবং অপর একটি কপি MS word-এ Nikosh Font-এ পাঠাতে হবে। বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মিজ্ রিক্তা ব্যানার্জি এর e-mail ঠিকানা rikta350banerjee@gmail.com এবং নিয়োজিত কম্পিউটার অপারেটর জনাব রাশেদুল ইসলাম এর e-mail ঠিকানা rsislam566@gmail.com তে প্রেরন করবেন। বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীগণ নির্ধারিত “ছক” মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি/ছবি আগামী ০৫ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সরবরাহ করবেন।
- ৩। বাংলাদেশের স্বাধীনতা, কৃষ্টি, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, দেশনেত্রী শেখ হাসিনা, ইতিহাসে স্বীকৃত মহা মানবদের জীবনের মধ্য হতে শিক্ষণীয় অংশ, নীতি, নৈতিকতা, আদর্শ ইত্যাদি বিষয়ে ধর্মীয় বিধানাবলী মানসম্মত গল্প, কবিতা, রম্যরচনা, স্মৃতিকথা, মাদারীপুরের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি এবং মাদারীপুর জেলার বরণ্য ব্যক্তিবর্গের জীবনী ইত্যাদি বিষয়ে লেখনী প্রত্যাশা করা হচ্ছে।

বঙ্গবন্ধুর স্বপ্ন “ক্ষুধা, দারিদ্র, দুর্নীতি, বৈষম্যমুক্ত একটি সুখী সমৃদ্ধশালী সোনার বাংলা গঠনে সরকারের প্রতিশ্রুতি”, “আমার গ্রাম আমার শহর তারুন্যই শক্তি”, “মাদকমুক্ত ডিজিটাল বাংলাদেশ গঠনে যুব সমাজের ভূমিকা”- এ বিষয়গুলো বিবেচনায় রেখে আগামী প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গুরুত্ব, বঙ্গবন্ধুর অবদান, বিভিন্ন ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ, তরুণ সমাজের নীতি নৈতিকতার উন্নয়ন, সু-শিক্ষার আবশ্যিকতা আগামী প্রজন্মের জন্য একটি টেকসই উন্নত বাংলাদেশ গড়ায় করণীয় ইত্যাদি বিষয়ে প্রাপ্ত লেখনী প্রকাশনায় অগ্রাধিকার পাবে।



ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়

প্রতিষ্ঠাতা : প্রাক্তন সেন জজ রায় বাহাদুর রজনীকান্ত চট্টোপাধ্যায়

(স্থাপিত-১৯১৯)

ডাসার-কালকিনি-মাদারীপুর
www.bmhs.edu.bd

- ৪। A4 সাইজের কাগজে সর্বোচ্চ দুই পৃষ্ঠার মধ্যে লেখনী সীমিত রাখাটাই কাম্য। তবে অভিজ্ঞ বাছাইকারীদের বিবেচনায় অসাধারণ মানের কোন লেখনির ক্ষেত্রে আকার কিছুটা শিথিল করা যেতে পারে।
- ৫। সরকার ও রাষ্ট্রবিরোধী, ধর্মীয় অনুভূতিতে আঘাত বা বিতর্কিত কোন লেখা সরাসরি অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- ৬। লেখা বাছাইয়ের ক্ষেত্রে প্রকাশনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রকাশনা কমিটি প্রয়োজনে এসকল বিষয়ে কোন বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারে।
- ৭। লেখা প্রদানে আগ্রহীগণ আগামী ২০ নভেম্বর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে বর্ণিত ইমেইলসমূহে প্রেরণ করতে হবে। এরপরে কোন তথ্য বা লেখা গ্রহণ করা হবে না। রেজিস্ট্রেশনের জন্য তথ্যাদি বা লেখা Nikosh Font এ মুদ্রণ করতে না পারলে যেকোন Font এ পাঠালেও তা convert করে নেয়া যাবে।
- ৮। একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশনা অত্যন্ত ব্যয়বহুল। তাছাড়া এ প্রকাশনা বাবদ কোন প্রাক্তন ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য কোন ফি নেওয়া হচ্ছে না। সুতরাং যাদের বিজ্ঞাপন সংগ্রহ করার সুযোগ রয়েছে তারা সর্বোচ্চ আন্তরিকতার সাথে অধিক সংখ্যক বিজ্ঞাপন সংগ্রহ করে বিজ্ঞাপন প্রকাশের জন্য material আগামী ২০ নভেম্বর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে বর্ণিত ই-মেইলে প্রদান করবেন। সকল অর্থই সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার, ঢাকা-এ পরিচালিত সঞ্চয়ী হিসাব নম্বর: ০১১৯৮০১০১৭৯১১ এর মাধ্যমে পরিচালনা করা হবে এবং প্রকাশনার পরবর্তী সময়ে আয়/ব্যয়ের হিসাব সকলকে অবহিত করা হবে।
- ৯। ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে একটি মানসম্মত “স্মারকগ্রন্থ” প্রকাশনা কার্যক্রম সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হচ্ছে।

(শেখ মুজিবুর রহমান এনডিসি)

আহবায়ক

স্মারকগ্রন্থ প্রকাশনা কমিটি

ও

সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার